দৈনিক বাংলা 25

তারিখ 0.6. ... 1988

পৃষ্ঠা 1 কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# অশিক্ষা অজ্ঞতা দূর করার কাজে এগিয়ে আসুন : কাজী জাফর

(স্টাফ রিপোর্টার)

প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা ও উপপ্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ দেশ থেকে ক্ষুধা অশিক্ষা ও অজ্ঞতা দূর করে দু হাজার সালের মধ্যে সবার জন্য স্বাস্থ্যনীতি বাস্তবায়নের উদ্দেশ্যে

(শেষ পৃঃ ১-এর কঃ দঃ)

## কাজী জাফর

(১ম পৃঃ পর)

শিক্ষকদের এগিয়ে আসার আহবান জানিয়েছেন। কাজী জাফর আহমদ গতকাল বিজয় সরণী সংলগ্ন ময়দানে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চতুর্থ জাতীয় মহা সম্মেলনে বিশেষ অতিথির ভাষণ দিচ্ছিলেন। প্রেসিডেন্ট এরশাদ এই মহাসম্মেলনে প্রধান অতিথি ছিলেন। শিক্ষমন্ত্রী শেখ শহীদুল ইসলামও বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপপ্রধানমন্ত্রী শিক্ষকদের সমাজের নেতা হিসেবে অভিহিত করে বলেন, একদিন এই শিক্ষক সমাজ ছিল ভাগ্যাহত ও বঞ্চিত। বর্তমানে সেই হতাশার অবসান হয়েছে। প্রেসিডেন্ট এরশাদের বদৌলতে শিক্ষক সমাজের হতাশার কালো অন্ধকার দূর হয়েছে। উদিত হয়েছে নবীন সূর্য। প্রেসিডেন্ট এরশাদ তাদের গুণগত পরিবর্তন এনেছেন।

কাজী জাফর বলেন, শিক্ষকরা প্রেসিডেন্ট এরশাদের চোখের মনি। তিনি চান, শিক্ষকরা নতুন বাংলাদেশ গড়ার জন্যে সৈনিক হিসেবে কাজ করবে।

উপপ্রধানমন্ত্রী রাজনৈতিক, সামাজিক জীবনে একটি নতুন ধারা সূচনা করার জন্য শিক্ষকদের এগিয়ে আসার আহবান জানান।

শেখ শহীদ

শিক্ষমন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, দেশের শিক্ষক সমাজ প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বে এক নতুন দিগন্তের সূচনা করেছেন। সেদিন বেশী দূরে নয়। সেদিন বাংলাদেশ একটি আত্মমর্যাদশীল গোষ্ঠী হিসেবে সত্যিকারভাবে প্রতিষ্ঠিত হবে।

শিক্ষামন্ত্রী বলেন প্রেসিডেন্ট এরশাদের নির্দেশে নকল প্রতিরোধের কর্মসূচী নেয়া হয়। এতে ২/১ জন শিক্ষক ছাড়া সবাই আন্তরিকভাবে সহযোগিতা করেছেন।